



রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) একটি জাতীয় পর্যায়ে বেসরকারী উন্নয়ন সংস্থা। সংস্থার ঢাকাস্থ কেন্দ্রীয় কার্যালয়ের জন্য নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক লোক নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা
১	ক্লিনার (১টি) বেতনঃ সর্বসাকুল্যে ১৫,০০০/- (এছাড়া বার্ষিক ভিত্তিতে মাসিক বেতনের সমপরিমান টাকা বোনাস প্রদান করা হবে)	নূন্যতম অষ্টম শ্রেণী পাশ।	যে কোনো প্রতিষ্ঠানে অফিস ক্লিনার হিসেবে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আবেদনকারীর বয়সসীমা ১৮ হতে ৩০ বছর। দায়িত্ব ও কর্তব্য: প্রতিদিন অফিসের সকল কক্ষের ফ্লোর, বারান্দা ও অন্যান্য খোলা স্থান ঝাড়ু দেয়া ও পরিষ্কার করা। প্রতিদিন অফিসের সকল টয়লেট হারপিক দিয়ে উত্তমরূপে পরিষ্কার করা। এছাড়া, টয়লেটগুলি পরিচ্ছন্ন আছে কিনা তা নির্দিষ্ট সময় অন্তর অন্তর চেক করা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। টয়লেটে টিস্যু পেপার ও বেসিনে হ্যান্ড ওয়াশ রাখা নিশ্চিত করা। জানানার গ্লাস ও গ্লাস নিয়মিতভাবে পরিষ্কার করা। অফিস চলাকালীন অফিসের কোথাও ময়লা দেখা গেলে তা সাথে সাথে পরিষ্কার করা।

শুধুমাত্র আগ্রহী যোগ্য প্রার্থীদেরকে আগামী ২৯/০২/২০২০ খ্রীষ্টাব্দ তারিখের মধ্যে নির্বাহী পরিচালক, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) বরাবর দরখাস্ত (যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বরসহ পূর্ণ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের ফটোকপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন (পরিচয় পত্র না থাকলে)-এর ফটোকপি ও সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের পরিচ্ছন্ন ছবি সংযুক্ত করে) সংস্থার “মানব সম্পদ বিভাগ, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক), বাড়ী-২০, সড়ক-১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯”-এ ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। নিয়োগ বিজ্ঞপ্তি সংস্থার ওয়েবসাইট www.ric-bd.org এ পাওয়া যাবে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য ডাকা হবে। **খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।**